QUESTION BOOKLET - A

প্রতিভা অন্বেষা- ২০২৬ (পঞ্চম - দশম)

"শেকড়ের টানে", সুদামপুর (বলাইপণ্ডা) : ময়না : পূর্বমেদিনীপুর

প্রশ্ন পুস্তিকা

তারিখ- ১০ ই অক্টোবর ২০২৬, শনিবার শ্রেণি – দশম

প্রশ্ন সংখ্যা- ৬০ পূর্ণমান – ৬০ সময় - ০১ ঘন্টা ৪৫ মিনিট

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী:-

1. প্রশ্নপত্রটিতে গণিত (ক্র.ন. 01-20), বিজ্ঞান (ক্র.ন. 21 - 40), ইংরেজি (ক্র.ন. 41 - 55), মানসিক দক্ষতা (ক্র.ন.56 - 60), মোট 60 টি বহু নির্বাচনী প্রশ্ন (একটি সঠিক সহ চারটি বিকল্প উত্তর) রয়েছে।
2. সমস্ত প্রশ্ন বাধ্যতামূলক।
3. প্রতিটি প্রশ্নের মান 01। ভুল উত্তরের জন্য কোন নেগেটিভ মার্ক নেই।
4. OMR Sheet এ কেবলমাত্র নীল বা কালো বলপেন ব্যবহার করা যাবে। রাফ (Rough) এর জন্য অতিরিক্ত প্রদত্ত সাদা কাগজ ব্যবহার করা যাবে।
5. কেবলমাত্র OMR Sheet পরীক্ষা শেষে ইনাভাজলেটর এর কাছে জমা দেওয়া বাধ্যতামূলক।
6. নমুনা উত্তর মডেল 11 ই অক্টোবর 2026, রবিবার , 6P.M. www.shekarertane.org এ পাওয়া যাবে।
7. নমুনা উত্তর সম্পর্কিত কোন অভিযোগ থাকলে, তা জানাতে পারবে আমাদের ওয়েবসা২৮ www.shekarertane.org এ (অবশ্যই 13 ই অক্টোবর 2026 মঙ্গলবার , এর মধ্যে)।
8. Final উত্তর মডেল ইং- 16 ই অক্টোবর 2026 শুক্রবার , www.shekarertane.org এ পাওয়া যাবে।
9. পরীক্ষার ফল প্রকাশের তারিখ 10 ই নভেম্বর 2026, মঙ্গলবার । পরীক্ষার ফল জানা যাবে www.shekarertane.org website-এ Roll No + হোয়াটসঅ্যাপ নম্বর
10. যদি দুই বা অধিক ছাত্র-ছাত্রীর প্রাপ্ত নম্বর একই হয়, তবে MAT → MATH → SCIENCE → ENG এই ক্রমেই তাদের ফলাফলের সিরিয়াল নম্বর ধার্য করা হবে।
11. "প্রতিভা অন্বেষা -2027 (পঞ্চম-দশম)" আগামী শিক্ষাবর্ষের 29 /09/ 2027, বুধবার অনুষ্ঠিত হবে (সম্ভাব্য)।

"হে বঙ্গ ,ভাণ্ডারে তব বিবিধ রতন"

-মাইকেল মধুসূদন দত্ত

MATHEMATICS (Sl.No. 1-20)

1. প্রথম (2p+1) সংখ্যক ক্রমিক স্বাভাবিক সংখ্যার মধ্যবর্তী সংখ্যা $\frac{(p+103)}{3}$, যেখানে P একটি ধনাত্মক পূর্ণসংখ্যা। P এর মান হবে –

(A) 50 (B) 55 (C) 40 (D) 60

2. $\sum_{i=1}^{n}(x_i-7)$ = 12 এবং $\sum_{i=1}^{n}(x_i+3)$ = 72 হলে, n এর মান হবে –
(A) 4 (B) 5 (C) 6 (D) 7

3. কোন ব্যবসাতে P, Q, R এদের মূলধনের অনুপাত $\frac{1}{x} : \frac{1}{y} : \frac{1}{z}$ । বছরের শেষে ব্যবসাতে z টাকা ক্ষতি হয়েছে। R -এর ক্ষতির পরিমাণ হবে –
(A) $\frac{xy}{(xy+yz+zx)}$ টাকা (B) $\frac{xyz}{(x+y+z)}$ টাকা
(C) $\frac{xyz}{(xy+yz+zx)}$ টাকা (D) $\frac{z}{\left(\frac{1}{x}+\frac{1}{y}+\frac{1}{z}\right)}$ টাকা

4. $\sqrt{15}$ = p হলে, $\sqrt{\frac{3}{5}}$ এর মান হয় –
(A) $\frac{5}{p}$ (B) 5p (C) $\frac{p}{5}$ (D) $\sqrt[3]{p}$

5. 3 এবং $-\frac{1}{3}$ বীজদ্বয় বিশিষ্ট দ্বিঘাত সমীকরণটি হল -
(A) $3x^2$ - 8x - 3 = 0 (B) $3x^2$ + 8x + 3 = 0
(C) $2x^2$ - 7x + 2 = 0 (D) কোনোটিই নয়

6. m -এর যেসকল মানের জন্য x^2 + (m-3) x + m = 0 দ্বিঘাত সমীকরণের বাস্তব ও সমান বীজ আছে, তা হল –
(A) -9, -1 (B) -9, 1 (C) 9, -1 (D) 9, 1

7. দোলকের (Pendulum) দোলনকাল উহার দৈর্ঘ্যের বর্গমূলের সাথে সরলভেদে থাকে। যদি 1 মিটার দৈর্ঘ্যের কোন দোলকের 1 সেকেন্ডে একবার পূর্ণদোলন হয়, তবে যে দোলকের 2.5 সেকেন্ডে একবার পূর্ণদোলন হয়, তার দৈর্ঘ্য হবে -
(A) 6.25 ডেসিমি. (B) 2.5 মিটার (C) 62.5 ডেসিমি. (D) 62.5 মিটার।

8. b হল a এর সরল সুদ এবং c হল b এর সরল সুদ। দুটি ক্ষেত্রে সময় ও সুদের হার একই থাকলে, সঠিক সম্পর্ক টি হবে -
(A) a^2 = bc (B) b^2 = ca (C) c^2 = ab (D) abc = 1

9. বার্ষিক r% চক্রবৃদ্ধি হার সুদে অর্জিত সুদের পরিমাণ কত হলে, n বছরে p টাকার সমূল চক্রবৃদ্ধি হবে p $\left(1+\frac{r}{400}\right)^{4n}$ টাকা ?
(A) {p $\left(1+\frac{r}{100}\right)^{n}-p$} টাকা (B) {p $\left(1+\frac{r}{100}\right)^{n}+p$} টাকা
(C) { p $\left(1+\frac{r}{400}\right)^{4n}$ - p} টাকা (D) { p $\left(1+\frac{r}{400}\right)^{4n}+p$ } টাকা

10. $(2m-n)^2$ + $(n-2p)^2$ = 0 হলে, (m $+p$) : n অনুপাতটি হবে -
(A) 1 : 1 (B) 1 : 2 (C) 2 : 1 (D) 4 : 1

11. একটি ঘনকের একটি তলের ক্ষেত্রফল 21% বৃদ্ধি করা হল। আয়তন বৃদ্ধির হার -
(A) 25% (B) 22.1% (C) 33.1% (D) 30.5%

12. O কেন্দ্রীয় বৃত্তের AB একটি ব্যাস, P বৃত্তের পরিধিস্থ একটি বিন্দু এবং PN $\perp$ AB। OA = 5 সেমি., PB = 5 সেমি.হলে, BN এর দৈর্ঘ্য হবে -
(A) 2.5 সেমি. (B) 5 সেমি. (C) 6.25 সেমি. (D) 12.5 সেমি.

13. ($\frac{1}{3}$ + $\frac{1}{15}$ + $\frac{1}{35}$ + $\frac{1}{63}$ + $\frac{1}{99}$) এর সরলফল -
(A) $0.\dot{4}\dot{5}$ (B) $0.4\dot{5}$ (C) $0.\dot{5}\dot{4}$ (D) $0.5\dot{4}$

14. 5 সেমি. ব্যাসার্ধ এবং 12 সেমি. উচ্চতা বিশিষ্ট একটি লম্ব বৃত্তাকার শঙ্কু থেকে ভূমির সমান্তরালে একটি শঙ্কু কেটে নেওয়া হল যার উচ্চতা 4 সেমি. (অবশ্যই শীর্ষ থেকে)। কেটে নেওয়া শঙ্কু ও মূল শঙ্কুর আয়তনের অনুপাত হবে -

(A) 1 : 9 (B) 1 : 27 (C) 27 : 125 (D) 64 : 125

15. 3টি ফাঁপা গোলকের প্রতিটির বহির্ব্যাসার্ধ 5 সেমি. ও অন্তর্ব্যাসার্ধ 3 সেমি.। ঐ গোলকগুলিকে গলিয়ে একটি নিরেট লম্ব বৃত্তাকার চোঙ পরিণত করা হল, যার ভূমির ব্যাসার্ধ 2 সেমি। চোঙটির উচ্চতা-

(A) 7 সেমি. (B) 17.5 সেমি. (C) 49 সেমি. (D) 98 সেমি.

16. x = $\frac{1+cos\theta}{sin\theta}$ হলে, (x^2-2xcotθ) এর মান হবে –

(A) -1 (B) 1 (C) 0 (D) অসংজ্ঞাত

17. x = 2sinθ এবং y secθ = 3 হলে, x ও y এর মধ্যে সঠিক সম্পর্কটি হবে -

$(A)\ \frac{x^2}{9}+\frac{y^2}{4}=1$ (B) $\frac{x^2}{9}-\frac{y^2}{4}=1$ (C) $\frac{x^2}{4}+\frac{y^2}{9}=1$

(D) $\frac{x^2}{4}-\frac{y^2}{9}=1$

18. PQRS একটি বৃত্তস্থ ট্রাপিজিয়াম যার PQ ॥RS । তবে নিচের সম্পর্কগুলির মধ্যে সঠিক সম্পর্কটি –



(A) PR > SQ (B) PR < SQ

(C) PR = SQ (D) QR = SQ

19. কোন বৃত্তের বহিঃস্থ বিন্দু P থেকে PA এবং PB দুটি স্পর্শক। A এবং B স্পর্শবিন্দু। AB জ্যা এর যে পাশে P বিন্দু আছে, সেই পাশে বৃত্তের উপর E একটি বিন্দু। <APB = 48° হলে, <AEB এর মান হবে -

(A) 114° (B) 132° (C) 144° (D) 90°

20. একটি স্তম্ভের পাদদেশ থেকে একই সরলরেখায় অবস্থিত দুটি বিন্দুর দূরত্ব যথাক্রমে a একক ও b একক, যেখানে a < b । ঐ দুটি বিন্দু থেকে স্তম্ভের চূড়ার উন্নতি কোণদুটি পরস্পর পূরক। স্তম্ভের উচ্চতা-

(A) ab একক (B) $\sqrt{ab}$ একক (C) $\frac{a}{b}$ একক (D) (a+b) একক।

SCIENCE (Sl.No. 21 – 40)

21. বায়ুমণ্ডলের ওজোন্ স্তর ধ্বংসে নীচের কোন্ টি অনুঘটকের ন্যায় আচরণ করে ?

(A) Cl$\dot{O}$ (B) CFC (C) $\dot{Cl}$ (D) UV রশ্মি

22. মস্তিষ্কের কোন্ অংশটি "ইনটেলেকচুয়াল অ্যাবিলিটি" (Intellectual ability) নিয়ন্ত্রণ করে ?

(A) ফ্রন্টাল লোব (B) টেমপোরাল লোব

(C) প্যারাইটাল লোব (D) অক্সিপিটাল লোব

23. STP তে 22.4 lit কোন আদর্শ গ্যাসের অণুর সংখ্যা (N) ও মোল সংখ্যা (n) এর অ

(A) 6.022×10^{23} (B) 1 (C) 2.24 (D) 0

24. নিম্নলিখিত কোন্ বক্তব্যটি সঠিক ?

(A) ইনসুলিন নিওগ্লুকোজেনেসিসে বাধা দেয় এবং কিটোন্ বডি উৎপাদনে সাহায্য করে।

(B) রক্তে ইস্ট্রোজেন বেশি থাকলে পিটুইটারি থেকে FSH ক্ষরণ বন্ধ হয়।

(C) প্রোজেস্টেরন জরায়ুর মসৃণ পেশীর সংকোচন্ ঘটিয়ে সন্তান প্রসবে সাহায্য করে।

(D) টেস্টোস্টেরন হরমোন এরিথ্রোপোয়েসিস প্রক্রিয়াকে বাধা দেয়।

25. Li, Rb, K, Na এরা একই শ্রেণীভুক্ত মৌল, এদের বিজারণ ক্ষমতার সঠিক ক্রমটি নির্বাচন করলে -

(A) Li < Na < K < Rb (B) Li > Na > K > Rb

(C) Li < Rb < K < Na (D) Li > Rb > K > Na

26. বামস্তম্ভের সঙ্গে ডানস্তম্ভ মিলিয়ে সঠিক উত্তরটি নির্বাচন করো -

বামস্তম্ভ	ডানস্তম্ভ
a. ট্রাইসেপস্	i. অঙ্গকে দেহ অক্ষের কাছে আনতে সাহায্য করে।
b. বাইসেপস্	ii. অঙ্গকে দেহ অক্ষ থেকে দূরে সরে যেতে সাহায্য করে।
c. ল্যাটিসিমাস ডরসি	iii. ভাঁজ হওয়া অস্থিদুটির মধ্যে কৌণিক দূরত্ব বাড়িয়ে সোজা হতে সাহায্য করে।
d. ডেলটয়েড পেশি	iv. দুটি অস্থিকে ভাঁজ করে কৌণিক দূরত্ব কমিয়ে কাছে আসতে সাহায্য করে।

(A) a - iv, b - iii, c - ii, d - i (B) a - iii, b - iv, c - ii, d - i
(C) a - iii, b - iv, c - i, d - ii (D) a - ii, b - i, c - iv, d - iii

(A) 20° (B) 50° (C) 30° (D) 40°

28. দ্বিতন্ত্রী DNA তে 15 টি অ্যাডেনিন্ এবং 20 টি গুয়ানিন্ থাকলে, ঐ DNA তে কতগুলি নিউক্লিওটাইড থাকবে ?

(A) 35 (B) 65 (C) 70 (D) 100

29. অক্ষিলেন্স থেকে রেটিনার দূরত্ব x হলে, কোন সুস্থ মানুষের চোখের ফোকাস দৈর্ঘ্যের সর্বোচ্চ মান হতে পারে —

(A) x (B) $\frac{x}{3}$ (C) $\frac{x}{2}$ (D) $\frac{1}{x}$

30. দ্বিসংকর্ জনন্ পরীক্ষায় নিম্নলিখিত কোন্ বৈশিষ্ট্যটি F_1 জনুতে প্রকাশিত না হয়ে F_2 জনুতে প্রকাশিত হবে ? -

(A) বীজ - সবুজ, কুঞ্চিত (B) ফল - স্ফীত, সবুজ
(C) ফুল - কাক্ষিক, বেগুনি (D) বীজ - গোলাকার, হলুদ


31. ইথেন ডাই- ওয়িক অ্যাসিড (অক্সালিক অ্যাসিড) এর গঠন সংকেত –

(A) CH_3COOH (B) $\begin{matrix} CH_2COOH \\ | \\ CH_2COOH \end{matrix}$ (C) $\begin{matrix} COOH \\ | \\ COOH \end{matrix}$ (D) HOOC-CH_2-COOH

32. [illegible] ব্যাকটেরিয়া এবং নাইট্রাইট থেকে নাইট্রেট Z ব্যাকটেরিয়া সাহায্য করে, X, Y, Z শনাক্ত করলে -

(A) X - সিউডোমোনাস; Y - নাইট্রোব্যাক্টর; Z - নাইট্রোসোমোনাস
(B) X - ব্যাসিলাস মাইকয়ডিস; Y - নাইট্রোব্যাক্টর; Z - নাইট্রোসোমোনাস
(C) X - সিউডোমোনাস; Y - নাইট্রোসোমোনাস; Z - নাইট্রোব্যাক্টর
(D) X - ব্যাসিলাস মাইকয়ডিস; Y - নাইট্রোসোমোনাস; Z - নাইট্রোব্যাক্টর


33. উপরের লেখচিত্রে X-অক্ষে বিভবপ্রভেদ V এবং Y-অক্ষে তড়িৎপ্রবাহ i নির্দেশ করা হয়েছে। মূলবিন্দু থেকে নির্গত দুটি পরিবাহী M এবং N-এর সরলরৈখিক লেখ X-অক্ষের সাথে যথাক্রমে 30° এবং 60° কোণ উৎপন্ন করেছে। একই দৈর্ঘ্য ও ব্যাসার্ধের দুটি পরিবাহী M ও N এদের রোধাঙ্কের অনুপাত —



(A)

34. খ্রিষ্টমাস ডিজিজ, যে ব্লাড কোয়াগুলেটিং ফ্যাক্টরটির অভাবে ঘটে সেটি হল -

(A) AHF (B) PTA (C) Ca++ (D) PTC

35. 

A ও B এর তুল্য রোধের মান কত ?

(A) $\frac{5}{2}$ Ω (B) $\frac{2}{3}$ Ω (C) 10 Ω (D) 40 Ω

36. অ্যানিলিডা ও মোলাস্কার মধ্যে সংযোগরক্ষাকারী প্রাণী হল -

(A) ডিপনই (B) নিওপিলিনা (C) পেরিপেটাস (D) সিলাকান্থ

37. 4°C তাপমাত্রায় জল দ্বারা একটি বিকার কানায় কানায় পূর্ণ আছে। বিকারের জল উপচে পড়বে যদি-

i. তাপমাত্রা 4°C থেকে বৃদ্ধি করা হয়।

ii. তাপমাত্রা 4°C থেকে হ্রাস করা হয়।

(A) কেবল i. (B) কেবল ii. (C) i. অথবা ii. (D) কোনটিই নয়।

38. "Wild life Protection Act"- এর প্রথম সূচনা হল -

(A) 1992 (B) 1996 (C) 1986 (D) 1972

39. $^{4}_{2}He$ নিউক্লিয়াসের বন্ধনশক্তির মান কত? (m_p = 1.007276u, m_N = 1.008665u, m_{He} = 4.002602u , 1u শক্তি = 931.2 MeV)

(A) 18.60 MeV (B) 27.20 MeV (C) 24.24 MeV (D) 35.82 MeV

40. শিকার ও চোরাশিকারের ফলশ্রুতিতে পৃথিবী থেকে চিরতরে অবলুপ্ত হয়ে গেছে -

(A) ডোডো পাখি, কাস্পিয়ান বাঘ (B) মেরুভল্লুক, পেঙ্গুইন

(C) সমুদ্রগাভি, পর্যটন পায়রা (D) সিসিলিড, দেশীয় প্রজাতির ক্যাটফিস।

ENGLISH (Sl. No. 41- 55)

41. Swami's father's last observation was that –

(A) Swami was really lazy (B) Swami was a truant school boy

(C) Swami deserved Samuel (D) Samuel was the real teacher .

42. In the poem "Fable", the squirrel undoubtedly admits that -

(A) The mountain makes pretty squirrel track

(B) The mountain can't crack a nut

(C) The mountain is enormous

(D) The mountain is quarrelsome.

43. Bapu freed millions of people of India from ---

(A) laziness (B) prejudices (C) lack of education (D) lack of interest.

44. Read the following conjunctions carefully and identify them and then choose the correct option from the alternatives.

i - ' and ' ; ii - ' therefore ' ; iii - ' however '

(A) i - Adversative ; ii - Cumulative ; iii - illative .

(B) i - Cumulative ; ii - illative ; iii - Adversative .

(C) i - Adversative ; ii - Alternative ; iii - illative .

(D) i - Alternative ; ii - Cumulative; iii - illative .
45. In the poem " My Own True family " the poet at last felt a change in his ----
(A) walking and heart (B) head and heart
(C) walking only (D) heart only.
46. In the story " Our Runaway kite " the letter that was used to repair the big kite, was lying on –
(A) a table (B) the bookcase (C) a wardrobe (D) a sofa.
47. In the poem " Sea Fever " the word 'trick' means –
(A) tactics (B) tale (C) trauma (D) journey.
48. All day long the cat loafs about the house, takes things easy and allows himself to be _____ by the attentions of the people in the house.
[Choose the correct option to fill in the blank]
(A) vexed (B) settled (C) calmed (D) attacked.
49. Read the following sentences carefully to identify and choose the correct alternative.

i. He is as strong as Ratan.
ii. Everybody likes flowers or songs.
iii. Listen or you will be punished.
(A) i - Simple ; ii - Simple ; iii - Compound.
(B) i - compound ; ii - Complex ; iii - Compound.
(C) i - Complex ; ii - Compound ; iii - Simple.
(D) i - Complex ; ii - Simple ; iii - Compound.
50. Read the following sentences carefully to identify the sub-ordinate clauses and choose the correct alternative.
i. The pen that you have , is nice.
ii. Everybody knows where you live.
iii. He plays football as you do.
(A) i - adjective ; ii - adverb ; iii - noun.
(B) i - adjective ; ii - noun ; iii - adverb.
(C) i - noun ; ii - adjective ; iii - adverb.
(D) i - adjective ; ii - adjective ; iii - noun.
51. Read the underlined words in the sentences, identify them and choose the correct alternative.
i. She enjoys <u>reading</u> before bedtime.
ii. Everybody saw her <u>dancing</u> in the field.
iii. Is he not <u>playing</u> cricket?
iv. The money will fund the <u>building</u> of a bridge.
(A) i - participle ; ii - verbal noun ; iii - verb ; iv - gerund.
(B) i - gerund ; ii - participle ; iii - verb ; iv - verbal noun.
(C) i - participle ; ii - gerund ; iii - verb ; iv - verbal noun.

(D) i - verb ; ii - verbal noun ; iii - participle ; iv - gerund.

52. Each of the participants, along with the two coordinators, _____ expected to submit their detailed report by noon.

(A) Are (B) is (C) have (D) has

53. Despite his monumental success, he remains completely devoid _____ any trace or arrogance. (Fill in the blank with appropriate preposition)

(A) with (B) from (C) in (D) of.

54. Find out if any part of the sentence is incorrect and cho
appropriate alternative.

She is possessing a vast collection of rare postage stamps.

(A) is possessing (B) rare (C) postage stamps (D) no error.

55. The poem " Sea Fever " was written by –

(A) Ted Hughes (B) John Masefield

(C) William Cowper (D) Ralph Waldo Emerson.

MAT (Sl.No. 56 – 60)

56. পাঁচ বন্ধু পূজা, ভাবনা, চারু, গীতা এবং হেমা কেন্দ্রের দিকে মুখ করে একটি বৃত্তাকার টেবিলের চারপাশে বসে আছে। চারু, ভাবনার নিকটবর্তী প্রতিবেশী নয়। ভাবনা, হেমার বাঁদিকে দ্বিতীয়। গীতা, ভাবনা ও হেমার নিকটবর্তী প্রতিবেশী।

প্রশ্ন :- হেমার ডানদিকে কে বসে আছে ?

(A) গীতা (B) চারু (C) পূজা (D) ভাবনা।

57. উমেশ, সতীশের চেয়ে বয়সে বড়। সুরেশ, নিরাজের চেয়ে বয়সে ছোট কিন্তু উমেশের চেয়ে বয়সে বড়। তরুন, রিতেশের চেয়ে বড় কিন্তু সতীশের থেকে ছোট। মনি সবার ছোট।

প্রশ্ন :- তাহলে সবার মধ্যে বয়সে বড় কে ?

(A) সতীশ (B) নিরাজ (C) রিতেশ (D) সুরেশ

58. একটি শ্রেণীতে অর্পন, উপরের দিক থেকে 15 তম স্থানে আছে। বিপ্লব, অর্পনের থেকে 8 স্থান নিচে আছে। আবার বিপ্লব নিচের দিক থেকে 17 তম স্থানে আছে।


প্রশ্ন:- মোট ছাত্র কতজন ?

(A) 39 (B) 40 (C) 41 (D) 42

59. ইংরেজি বর্ণমালার প্রথমার্ধের অক্ষর গুলিকে বিপরীত ক্রমে এবং দ্বিতীয়ার্ধের অক্ষর গুলিকেও বিপরীত ক্রমে সাজানো হলে, বামদিক থেকে নবম অক্ষরের ডানদিকে সপ্তম অক্ষরটি কি হবে ?

(A) F (B) G (C) X (D) I

60.



প্রদত্ত বিকল্পগুলির মধ্য থেকে সেই সংখ্যাটি নির্বাচন কর, যা প্রশ্নবোধক চিহ্নটিকে (?) প্রতিস্থাপন করে-

(A) 4 (B) 7 (C) 9 (D) 8